ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-২৭৫৯</u>
তেলিয়ামুড়া, ৬ সেপ্টেম্বর, ২০২৫

## দুর্গোৎসব উপলক্ষে তেলিয়ামুড়ায় প্রস্তুতি সভা

তেলিয়ামুড়া মহকুমায় আসন্ন দুর্গোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে আজ তেলিয়ামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমা শাসক কার্যালয়ের সভাগৃহে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।। সভায় উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া মহকুমার মহকুমা শাসক অপূর্ব কৃষ্ণ চক্রবর্তী, মহকুমা পুলিশ আধিকারিক পান্নালাল সেন সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। এছাড়াও সভায় অংশগ্রহণ করেন তেলিয়ামুড়া মহকুমার বিভিন্ন পূজো উদ্যোক্তা এবং ব্লকের প্রতিনিধিগণ। সভায় মহকুমা শাসক দুর্গোৎসবকে কেন্দ্র করে রাজ্য সরকারের জারি করা বিভিন্ন নিয়মাবলী পূজো উদ্যোক্তাদের সামনে তুলে ধরেন। তিনি জানান, প্রতিটি পূজো কমিটিকে ফায়ার সার্ভিস, পূর্ত, বিদ্যুৎ ইত্যাদি দপ্তরের কাছ থেকে প্রয়োজনীয় অনুমতি সংগ্রহ করে সংশ্লিষ্ট থানার মাধ্যমে আবেদন করতে হবে মহকুমা শাসকের কার্যালয়ে। সব কাগজপত্র যাচাই করে প্রশাসনের পক্ষ থেকে পূজোর অনুমতি দেওয়া হবে। মহকুমা শাসক ক্লাব প্রতিনিধিদের জানান, পূজো প্যান্ডেলের উচ্চতা ৪০ ফুটের মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে। প্রতিমার উচ্চতা সর্বাধিক ২০ ফুটের বেশি হওয়া চলবে না। প্যান্ডেলে প্রবেশ ও বাহির হবার পথ আলাদা রাখতে হবে। প্রতিটি প্যান্ডেলে পর্যাপ্ত সংখ্যক স্বেচ্ছাসেবক রাখতে হবে। প্যান্ডেলে বৈধ বিদ্যুৎ সংযোগ নিতে হবে, কোন অবস্থাতেই হুক লাইন ব্যবহার করা যাবে না। সভায় মহকুমা পুলিশের পক্ষ থেকে পূজো কমিটিগুলোর কাছে অনুরোধ জানানো হয়, যাতে জাতীয় সড়ক বা জনসাধারণের চলাচল বাধা সৃষ্টি করে কোনওভাবে চাঁদা সংগ্রহ করা যাবে না। পুলিশ প্রশাসন ও অন্যান্য দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে দুর্গোৎসব সফলভাবে সম্পন্ন করার জন্য ক্লাব কর্তৃপক্ষকে সক্রিয় সহযোগিতা করার অনুরোধ জানানো হয়। মহকুমা এবং পুলিশ প্রশাসন এর পক্ষ থেকে আইনশৃঙ্খলা বজায় রেখে শান্তিপূর্ণভাবে শারদীয় দুর্গোৎসব সম্পন্ন করার জন্য সকলের প্রতি অনুরোধ জানানো হয়েছে।

*****